# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৯১ তারিখঃ ১৯.০৪.২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১৬ এপ্রিল, ২০২০ তারিখের জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ (কপি সংযুক্ত) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্র মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৯/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির মেয়াদের মধ্যে দেশের বিভিন্ন স্থানে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে লকডাউন (Lockdown) ঘোষনা এবং এর ফলে ব্যবসায়িক লেনদেন সম্পাদনে উদ্ভূদ বিভিন্ন অসুবিধা সমাধানকল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে ঃ

২.১। অদ্য ১৯ এপ্রিল ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচি সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ খোলা রাখার সময়সূচী দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল।

২.২। সীমিত আকারে লেনদেন চলাকালীন সময়ে-

(ক) অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকসমূহ গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখবে। অনলাইন সুবিধা বহির্ভূত ব্যাংকের সব শাখা খোলা থাকবে।

(খ) সব জেলা সদরে/জেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ব্যাংকের শাখাসমূহের অন্তত একটি প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

(গ) মহানগর/বিভাগীয় পর্যায়ে সব এডি শাখা এবং শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য দেশের অন্যান্য স্থানে ব্যাংকের স্বীয় বিবেচনায় নির্বাচিত এডি শাখা/শাখাসমূহ খোলা রাখতে হবে।

(ঘ) শ্রমঘন শিল্প এলাকায় অবস্থিত সব ব্যাংকের সব শাখা খোলা রাখতে হবে।

(ঙ) সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথ খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখে ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

০৩। মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষনাকৃত এলাকায় সংশ্লিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে জরুরী বিবেচনায় কমপক্ষে একটি শাখা প্রতিকার্যদিবসে খোলা রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এরূপ খোলা রাখা শাখার কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াত নির্বিঘ্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনকে অবহিত করতে হবে।

০৪। গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা এবং উত্তোলন, ডিডি/পে-অর্ডার ইস্যু, শ্রমঘন শিল্প এলাকায় শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ মঞ্জুর ও বিতরণসহ বিভিন্ন কার্যক্রম, ট্রেজারি চালান গ্রহণ, বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেট-এর মেয়াদপূর্তীতে নগদায়ন ও কুপনের অর্থ পরিশোধসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৫। খোলা রাখা শাখার ক্ষেত্রে সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনস্সহ এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২

Tanmay

০৬। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৭। এতদবিষয়ে ইতিপূর্বে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৬/২০২০, ০৭/২০২০, ০৮/২০২০, ০৯/২০২০ এবং ১০/২০২০ এর প্রেক্ষিতে অত্র বিভাগ হইতে জারীকৃত সংশ্লিষ্ট পত্রসমূহ বাতিল এবং ডিওএস সার্কুলার লেটার নং-১১/২০২০ এর প্রেক্ষিতে অত্র বিভাগ হইতে বিগত ০৯.০৪.২০২০ ইং তারিখে জারীকৃত ১২৮২ নম্বর পত্র সংশোধিত হিসাবে গন্য হবে। আরো উল্লেখ্য অত্র সার্কুলার লেটারের নির্দেশনার পাশাপাশি বাংলাদেশ কৃষি ব্যাংক এর নিকট প্রেরিত বাংলাদেশ ব্যাংকের ১১ এপ্রিল ২০২০ তারিখের ডিওএস(জি)১১৫১/৫০/২০২০-ক-১৯(১) নং পত্রের ধারাবাহিকতায় বিগত ১২.০৪.২০২০ ইং তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৮৩ এর নির্দেশনাও প্রযোজ্য হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১ পাতা।

২১/০৪/২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৯১(১২৫০) তারিখঃ ১৯.০৪.২০২০ ইং

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-</u>

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

২১.০৪.২০২০

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
মুখ্য কর্মকর্তা

Tanmay

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৩

তারিখ ঃ ০৩ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
১৬ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**<u>সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।</u>**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৯/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির মেয়াদের মধ্যে দেশের বিভিন্ন স্থানে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে লকডাউন (Lockdown) ঘোষণা এবং এর ফলে ব্যবসায়িক লেনদেন সম্পাদনে উদ্ভূত বিভিন্ন ব্যাংকিং অসুবিধা সমাধানকল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

০১। আগামী ১৯ এপ্রিল ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ খোলা রাখার সময়সূচী দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল।

০২। সীমিত আকারে লেনদেন চলাকালীন সময়ে-

ক) অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকসমূহ গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে শাখাসমূহের মধ্যে দূরত্ব বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখবে। অনলাইন সুবিধা বহির্ভুত ব্যাংকের সব শাখা খোলা থাকবে।

খ) সব জেলা সদরে/জেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ব্যাংকের শাখাসমূহের অন্তত একটি প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

গ) মহানগর/বিভাগীয় পর্যায়ে সব এডি শাখা এবং শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন সম্পাদনের জন্য দেশের অন্যান্য স্থানে ব্যাংকের স্বীয় বিবেচনায় নির্বাচিত এডি শাখা/শাখাসমূহ খোলা রাখতে হবে।

ঘ) শ্রমঘন শিল্প এলাকায় অবস্থিত সব ব্যাংকের সব শাখা খোলা রাখতে হবে।

ঙ) সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথ খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

০৩। মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষণাকৃত এলাকায় সংশিষ্ট প্রশাসনের সাথে আলোচনাক্রমে জরুরী বিবেচনায় কমপক্ষে একটি শাখা প্রতিকার্যদিবসে খোলা রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এরূপ খোলা রাখা শাখার কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াত নির্বিঘ্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনকে অবহিত রাখতে হবে।

চলমান পাতা -২

০৪। গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা এবং উত্তোলন, ডিডি/পে-অর্ডার ইস্যু, শ্রমঘন শিল্প এলাকায় শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় ঋণ নিয়মাচার পরিপালনপূর্বক ঋণ মঞ্জুর ও বিতরণসহ বিভিন্ন কার্যক্রম, ট্রেজারি চালান গ্রহণ, বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেট-এর মেয়াদপূর্তিতে নগদায়ন ও কুপনের অর্থ পরিশোধসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৫। খোলা রাখা শাখার ক্ষেত্রে সোস্যাল ডিসটেনসিং সংক্রান্ত WHO গাইডলাইনসৃসহ এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করতে হবে।

০৬। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৭। এতদবিষয়ে ইতোপূর্বে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৬/২০২০, ০৭/২০২০, ০৮/২০২০,০৯/২০২০ এবং ১০/২০২০ বাতিল এবং ডিওএস সার্কুলার লেটার নং-১১/২০২০ সংশোধিত হিসেবে গণ্য হবে। সোনালী ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর ক্ষেত্রে এই সার্কুলার লেটারের নির্দেশনার পাশাপাশি উক্ত ব্যাংকগুলোর নিকট প্রেরিত ১১ এপ্রিল ২০২০ তারিখের ডিওএস(জি)১১৫১/৫০/২০২০-ক-১৯(১) নং পত্রের নির্দেশনাও প্রযোজ্য হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩